

# কৃষি আবহাওয়া বার্তা

রাজ্য: পশ্চিমবঙ্গ

তারিখ: ০৭-০৮-২০২৩

গত ৪ দিনের ০৮৩০ ভারতীয় সময় পর্যবেক্ষণের ভিত্তিতে আবহাওয়ার বিবরণ (০৩-০৮-২০২৩ থেকে ০৬-০৮-২০২৩ সকাল ০৮৩০ ভারতীয় সময়ের পর্যবেক্ষণ পর্যন্ত)।

## উক্ত সময়ের মধ্যে

**০৩ অগাস্ট:** উক্ত সময়ের মধ্যে নিম্নলিখিত জায়গার উপর দিয়ে ঝোড়ো হাওয়া বয়ে গিয়েছিল :

স্থান	সময়	দিক	সর্বোচ্চ গতিবেগ(কিমি/ঘন্টা)	স্থায়িত্ব(মিনিট)
আলিপুর, কলকাতা	০৯:৫৫	দক্ষিণ	৪৮	০১

গাঙ্গেয় পশ্চিমবঙ্গের এবং পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের অধিকাংশ জায়গায় বৃষ্টিপাত হয়েছে।

**উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার):** পুরুলিয়া, লাভা:৪

**০৪ অগাস্ট:** পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলে দক্ষিণ পশ্চিম মৌসুমী বর্ষা সক্রিয় ছিল। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জলপাইগুড়ি জেলার কয়েক জায়গায় ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের আলিপুরদুয়ার জেলার অনেক জায়গায় এবং কোচবিহার ও দার্জিলিং জেলার দুয়েক জায়গায় ভারী বৃষ্টিপাত হয়েছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের দুয়েক জায়গায় এবং পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের অধিকাংশ জায়গায় বৃষ্টিপাত হয়েছে।

**উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) :** ময়নাগুড়ি:১৩; জলপাইগুড়ি, কোচবিহার: ৯; আলিপুরদুয়ার, বক্সাদুয়ার:৭; সেবক, গজলডোবা:৫; দার্জিলিং, ঝালং:৪

**০৫ অগাস্ট:** পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলে দক্ষিণ পশ্চিম মৌসুমী বর্ষা সক্রিয় ছিল। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জলপাইগুড়ি জেলার কয়েক জায়গায় এবং কোচবিহার জেলার দুয়েক জায়গায় ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের আলিপুরদুয়ার জেলার কয়েক জায়গায় এবং দার্জিলিং জেলার দুয়েক জায়গায় ভারী বৃষ্টিপাত হয়েছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের দুয়েক জায়গায় এবং পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের অধিকাংশ জায়গায় বৃষ্টিপাত হয়েছে।

**উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) :** মাথাভাঙ্গা, পুন্ডিবাড়ি, ধূপগুড়ি: ১১; বক্সাদুয়ার, ফালাকাটা, ময়নাগুড়ি:১০; সেবক:৮; জলপাইগুড়ি, লাভা:৬; বাগডোগরা, আলিপুরদুয়ার, হাসিমারা, সামসিং:৫; কালিম্পাঙ, গাজলডোবা:৪

**০৬ অগাস্ট:** পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জলপাইগুড়ি জেলার দুয়েক জায়গায় ভারী বৃষ্টিপাত হয়েছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের অনেক জায়গায় এবং পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের অধিকাংশ জায়গায় বৃষ্টিপাত হয়েছে।

**উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) :** মূর্তি:৪; বক্সাদুয়ার, নাগারকাটা, কাঁথি, ঝাড়গ্রাম, মেদিনীপুর:৩; হাসিমারা:১; দার্জিলিং, মাঝিয়ান, সুরি, দুর্গাচক, আলিপুর, বসিরহাট, খড়্গপুর:১

**আপেক্ষিক আর্দ্রতা (শতাংশ) :** উক্ত সময়ের মধ্যে পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোতে ইহা ছিল ৮১ থেকে ৯৪ শতাংশ এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোতে ইহা ছিল ৬৮ থেকে ৯৪ শতাংশ।

**শুষ্ক ও আর্দ্র জলবায়ুর সম্ভবতা (০৬.০৮.২০২৩ থেকে ১২.০৮.২০২৩ পর্যন্ত) :**

জেলা	আর্দ্র	শুষ্ক	জেলা	আর্দ্র	শুষ্ক
বাঁকুড়া	৬০	৪০	হাওড়া	৮৫	১৫
বীরভূম	৬৯	৩১	মুর্শিদাবাদ	৬৭	৩৩
বর্ধমান	৫৭	৪৩	নদীয়া	৭২	২৮
হুগলী	৭৮	২২	২৪ পরগনা	৬৫	৩৫
পুরুলিয়া	৬৭	৩৩			

### পরবর্তী ৩ দিনের আবহাওয়ার পূর্বাভাস :

#### দিন ১ (০৭ অগাস্ট)-

পশ্চিমবঙ্গের জেলাগুলোর অধিকাংশ জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের ভারী সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের ভূমি অঞ্চলের জেলাগুলিতে আগামী ৫ দিন, দিনের তাপমাত্রায় বড় কোনো পরিবর্তন হবে না।

#### দিন ২ (০৮ অগাস্ট)-

পশ্চিমবঙ্গের জেলাগুলোর অধিকাংশ জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের ভারী সম্ভাবনা আছে।

#### দিন ৩ (০৯ অগাস্ট)-

পশ্চিমবঙ্গের জেলাগুলোর অনেক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের ভারী সম্ভাবনা আছে।

## সতর্কীকরণ:

### দিন ১ (০৭ অগাস্ট)-

- ১) পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং ও কালিম্পাং জেলার এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের মুর্শিদাবাদ ও নদীয়া জেলার দুয়েক জায়গায় ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের (০৭-২০ সেমী) সম্ভাবনা আছে।
- ২) পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের বাকি জেলাগুলোর এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, বীরভূম, পূর্ব বর্ধমান, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর এবং হাওড়া জেলার দুয়েক জায়গায় ভারী বৃষ্টিপাতের (০৭-১১ সেমী) সম্ভাবনা আছে।
- ৩) পশ্চিমবঙ্গের সব জেলার দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ হওয়ার সম্ভাবনা আছে।

### দিন ২ (০৮ অগাস্ট)-

- ১) পশ্চিমবঙ্গের আলিপুরদুয়ার, কোচবিহার, মুর্শিদাবাদ, নদীয়া, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা জেলার দুয়েক জায়গায় ভারী বৃষ্টিপাতের (০৭-১১ সেমী) সম্ভাবনা আছে।
- ২) পশ্চিমবঙ্গের সব জেলার দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ হওয়ার সম্ভাবনা আছে।

### দিন ৩ (০৯ অগাস্ট)-

- ১) পশ্চিমবঙ্গের সব জেলার দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ হওয়ার সম্ভাবনা আছে।

পরবর্তী ২ দিনের অনুমান : সামান্য পরিবর্তন হবে।

স্বাক্ষরিতঃ

পক্ষে

আঞ্চলিক আবহাওয়া কেন্দ্র, আলিপুর

০৭-০৮-২৩